# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ যখন গর্ভাশয় বা রক্তসম্পর্ক সৃষ্টি করেন, তখন সেটি আল্লাহর কাছে রক্ত সম্পর্ক ছিন্নকারী থেকে আশ্রয় চায়, মহান আল্লাহ তখন তাকে জানায় যে, যে ব্যক্তি রক্ত সম্পর্ক বজায় রাখবে, তিনি সেই ব্যক্তির সাথে সম্পর্ক বজায় রাখবেন আর যে ব্যক্তি রক্ত সম্পর্ক ছিন্ন করবে, আল্লাহও তার সাথে সম্পর্ক ছিন্ন করবেন

## ذِكْرُ تَعَوُّذِ الرَّحِمِ بِالْبَارِي جَلَّ وَعَلَا عِنْدَ خَلْقِهِ إِيَّاهَا مِنَ الْقَطِيعَةِ وإِخْبَارِ اللَّهِ جَلَّ وَعَلَا إِيَّاهَا بِوَصْلِ مَنْ وَصَلَهَا وَقَطْعِ مَنْ قطعها

---

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا مُعَاوِيَةُ بْنُ أَبِي مُزَرِّدٍ قَالَ: سَمِعْتُ عَمِّي سَعِيدَ بْنَ يَسَارٍ أَبَا الْحُبَابِ يُحَدِّثُ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ خَلَقَ الرَّحِمَ حَتَّى إِذَا فَرَغَ مِنْ خَلْقِهِ قَامَتِ الرَّحِمُ فَقَالَتْ: هَذَا مَقَامُ الْعَائِذِينَ مِنَ الْقَطِيعَةِ؟ قَالَ: نَعَمْ أَلَا تَرْضَيْنَ أَنْ أَصِلَ مَنْ وَصَلَكِ وَأَقْطَعَ مَنْ قَطَعَكِ؟ قَالَتْ: بَلَى قَالَ: فَهُوَ لَكِ) قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَاقْرَؤُوا إِنْ شِئْتُمْ: {فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ * أُولَئِكَ الَّذِينَ لَعَنَهُمُ الله فأصمَّهم وأعمى أبصارهم} [محمد: 23])

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 442 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৪২. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “নিশ্চয়ই মহান আল্লাহ রক্ত সম্পর্ক (জরায়ু) সৃষ্টি করেছেন। যখন তিনি সৃষ্টি সম্পন্ন করেন, তখন রক্ত সম্পর্ক (জরায়ু) দাঁড়িয়ে যায় এবং বলেন: “যারা রক্ত সম্পর্ক ছিন্ন করে, আমি এই জায়গায় তোমার কাছে তার থেকে আশ্রয় চাই।” আল্লাহ বলেন: “হ্যাঁ। তুমি কি এতে সন্তুষ্ট নও যে, যে ব্যক্তি রক্ত সম্পর্ক বজায় রাখবে, আমি তার

সাথে সম্পর্ক বজায় রাখবো, আর যে ব্যক্তি তোমার এই সম্পর্ক ছিন্ন করবে, আমিও তার সাথে সম্পর্ক ছিন্ন করবো?” তখন রক্ত সম্পর্ক (জরায়ূ) বলে যে, ‘হ্যা’। মহান আল্লাহ বলেন: “এটা তোমার জন্য।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা চাইলে এই আয়াতটি পড়তে পারো:

“যদি তোমাদের ক্ষমতা প্রদান করা হয়, তবে কি তোমরা জমিনে ফাসাদ সৃষ্টি করবে এবং রক্ত সম্পর্ক ছিন্ন করবে। এরা হলো সেসব লোক যাদের উপর আল্লাহ অভিসম্পাত করেছেন। ফলে তাদেরকে বধির বানিয়েছেন এবং তাদের দৃষ্টিশক্তি অন্ধ করে দিয়েছেন।” (সূরা মুহাম্মাদ: ২২-২৩)[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৮৩২; সুনান বাইহাকী; ৭/২৬; মুসনাদ আহমাদ: ২/৩৩০; আদাবুল মুফরাদ: ৫০; সহীহ মুসলিম: ২৫৫৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৩১; হাকিম: ৪/১৬২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (আত তা’লীকাতুল হিসান: ২৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88906

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন